**Times Today BD**

সংগীত কুমার | ক্যাম্পাস | 10 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে দ্বিতীয় দিনের মতো ফের বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে শিক্ষার্থীরা। শনিবার (১০ মে) দুপুর সাড়ে ৩ টায় বিশ্ববিদ্যালয়ের ঐতিহাসিক বটতলা চত্বর থেকে ফ্যাসিবাদবিরোধী সংগঠনগুলোর উদ্যোগে এ কর্মসূচিটি পালন করা হয়।

বিক্ষোভ মিছিলটি বটতলা থেকে শুরু হয়ে ক্যাম্পাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও পার্শ্ববর্তী শেখপাড়া বাজার প্রদক্ষিণ করে প্রশাসন ভবনের সামনে গিয়ে সমাবেশে রুপ নেয়।

এসময় শিক্ষার্থীরা “একশান একশান, ডাইরেক্ট একশন”; “খুনি লীগের বিরুদ্ধে, ডাইরেক্ট একশন, আবু সাঈদের বাংলায়, আওয়ামী লীগের ঠাঁই নাই”; “ব্যান ব্যান, আওয়ামী লীগ”; “লীগ ধর, জেলে ভর”; “আওয়ামী লীগের কালো হাত, ভেঙে দাও গুড়িয়ে দাও”; “দিল্লি না ঢাকা, ঢাকা ঢাকা”; “ওয়ান টু থ্রি ফোর, আওয়ামী লীগ নো মোর” ইত্যাদি স্লোগান দিতে থাকেন।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ইবির সমন্বয়ক এস এম সুইট বলেন, “আওয়ামী লীগের ফায়সালা ৫ আগস্টেই হয়ে গেছে।সরকার আওয়ামী লীগকে নিষিদ্ধ না করলেও জনগণ তাদের রায় দিয়ে দিয়েছে।”

তিনি আরও বলেন, “অন্তর্বর্তীকালীন সরকারকে হুঁশিয়ার করে বলে দিতে চাই, অনতিবিলম্বে আওয়ামী লীগকে নিষিদ্ধ করার পদক্ষেপ গ্রহণ করুন।আওয়ামী লীগ নিষিদ্ধ না হওয়া পর্যন্ত

আমাদের কর্মসূচি চলবে।’

আওয়ামী লীগ বিক্ষোভ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 04:40

URL: https://www.timestodaybd.com/campus/7758072251